

(প্রেস বিজ্ঞপ্তি)

১৬ অক্টোবর ২০২২ খ্রি.

রাস্তা কর্তন চার্জ বাবদ চসিককে ৫ কোটি টাকার চেক প্রদান করলো চট্টগ্রাম ওয়াসা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী হাতে নগরীর রাস্তা কর্তন বাবদ ৫ কোটি টাকার চেক হস্তান্তর করেছেন চট্টগ্রাম ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক এ কে এম ফজলুল্লাহ। চেক গ্রহণকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, চট্টগ্রাম ওয়াসার সাথে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সম্পর্ক নিবিড় এবং একে অপরের পরিপূরক চট্টগ্রাম ওয়াসা নগরীতে সূর্য্যারেজ প্রকল্প পেইজ ২ বাস্তবায়নে যে পরিকল্পনা গ্রহণ করেছে চসিকের তাতে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে। তিনি বলেন, ওয়াসা কর্তৃপক্ষ নগরীর পানির চাহিদা পূরণে অনেকগুলো প্রকল্প বাস্তবায়ন করেছে। তারপরও অনেক এলাকার জনসাধারণ এখনো বিশুদ্ধ পানি থেকে বঞ্চিত রয়েছে। বিষয়টিকে গুরুত্ব দিয়ে চট্টগ্রাম ওয়াসা দ্রুত ব্যবস্থা গ্রহণ করবেন বলে মেয়র আশাবাদ ব্যক্ত করেন। আজ রবিবার সকালে টাইগারপাসস্থ নগর ভবনের মেয়র কক্ষে চট্টগ্রাম ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক এ কে এম ফজলুল্লাহ নগরীর রাস্তা কর্তন বাবদ ৫ কোটি টাকার চেক হস্তান্তর কালে তিনি একথা বলেন।

এসময় প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দিন, কাউন্সিলর আবদুস সালাম মাসুম, শাহেদ ইকবাল বাবু, আবুল হাসনাত মো. বেলাল, পুলক খাস্তগীর, মো. সফিকুল ইসলাম, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, ওয়াসার তত্ত্বাবধায়ক প্রকৌশলী মো. আরিফুল ইসলামসহ সংশ্লিষ্ট প্রকৌশলীগণ উপস্থিত ছিলেন।

মেয়র আরো বলেন, বিশ্ব ব্যাংকের সহযোগিতায় বাসা বাড়ী থেকে মানব সৃষ্ট বর্জ্য অপসারণের যে প্রকল্প হতে নেয়া হয়েছে। তা বাস্তবায়নে চসিকের পক্ষ হতে ওয়াসা কর্তৃপক্ষকে সর্বাত্মক সহযোগিতা প্রদান করা হবে বলে জানান। এই প্রকল্প বাস্তবায়নের নগরীর ৪১টি ওয়ার্ডকে ৬টি জোনে ভাগ করা হয়েছে। তিনি বলেন, প্রকল্পটি বাস্তবায়িত হলে কর্নফুলী নদীর ও সাগরের পানি অনেকটা দুর্ঘনমুক্ত হবে।

ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক এ কে এম ফজলুল্লাহ কারিগরী ত্রুটি ও পরিষ্কার নিরীক্ষা পর আগামী বছরের প্রথম দিকে চট্টগ্রাম নগরীতে পানি সরবরাহের কোন সমস্যা হবে না বলে মেয়রকে আশ্বাস প্রদান করেন।

চসিক ডায়ালগ আদালত

ডেঙ্গু রোগ প্রতিরোধে এডিস মশার বংশ বিস্তার রোধে পরিচালিত অভিযানে ৬৫ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম-১৬ অক্টোবর'২০২২খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ রবিবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী খুলশী হিলস আবাসিক এলাকায় পরিচালিত অভিযানে ডেঙ্গু রোগ প্রতিরোধে বিভিন্ন বাড়ীর ছাদ বাগান পরিদর্শন করা হয়। এই সময় তিনটি বাড়ীতে এডিস মশার বংশ বিস্তারে জমাটবদ্ধ পানির উৎস পাওয়ায় ভবন মালিকের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৬৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানে অংশ নেন সিটি মেয়রের একান্ত সচিব ও প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেম। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩